

Total No. of Printed Pages—4

**2 SEM TDC BNLH (CBCS) C 4**

**2023**

( May/June )

**BENGALI**

( Core )

Paper : C-4

( **Padaboli Sahitya : Baishnav and  
Shakta Padaboli** )

*Full Marks : 80*

*Pass Marks : 32*

*Time : 3 hours*

*The figures in the margin indicate full marks  
for the questions*

**ক—বিভাগ**

( মূল্যাক্ষ : ৪০ )

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১২×২=২৪

(ক) 'রূপ লাগি আঁখি বুঝে গুণে মন ভোর'—পদটি কোন্  
পর্যায়ের পদ? এই পদের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যকৃতি  
বিশ্লেষণ কর।



( 2 )

- (খ) অভিসার কী? 'বৈষ্ণব পদাবলী'তে অভিসার পর্যায়ে শ্রেষ্ঠ কবি সম্পর্কে আলোচনা কর।
- (গ) বিদ্যাপতির পদকে 'রাজকণ্ঠের হার' আর চণ্ডীদাসের পদকে 'রুদ্রাক্ষের মালা' বলে কে অভিহিত করেছিলেন এবং কেন? পদ সহযোগে আলোচনা কর।
- (ঘ) "‘বৈষ্ণব পদাবলী’ বৈষ্ণবতন্ত্রের রসভাস্য।" উক্তিটির আলোকে 'বৈষ্ণব পদাবলী'র পাঠ্যপদগুলি সংক্ষেপে আলোচনা কর।

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) :  $৫ \times ২ = ১০$

- (ক) 'নীরদ নয়নে'—পদটি কোন্ পর্যায়ে পদ? কবির নাম কী? পদটি সংক্ষেপে আলোচনা কর।
- (খ) 'সই কেবা শুনাইলে শ্যামনাম'—পদটির রচয়িতার নাম লেখ। বৈষ্ণব পদকর্তা হিসাবে তাঁর জনপ্রিয়তার কারণ সংক্ষেপে লেখ।
- (গ) প্রাক-চৈতন্য বৈষ্ণব পদের সঙ্গে চৈতন্যোত্তর বৈষ্ণব পদের তফাৎ কোথায়, সংক্ষেপে বুঝিয়ে দাও।

৩। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

- (ক) বৈষ্ণব পদ সাহিত্যে রস কয় প্রকার?
- (খ) বিদ্যাপতি কোন্ ভাষায় পদ রচনা করেছিলেন?
- (গ) চৈতন্য-পূর্ববর্তী দু'জন বৈষ্ণব কবির নাম লেখ।
- (ঘ) 'সখি হে কি পুছসি অনুভব মোয়'—পদটির রচয়িতা কে?

( 3 )

- (ঙ) গোবিন্দদাসের পিতার নাম কী?
- (চ) 'পূর্বরাগ' পর্যায়ে শ্রেষ্ঠ কবির নাম কী?

খ—বিভাগ

(মূল্যঙ্ক : ৪০)

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১২ \times ২ = ২৪$

- (ক) শাক্তপদ রচনায় রামপ্রসাদ সেনের কৃতিত্ব আলোচনা কর।
- (খ) শাক্তপদ কাকে বলে? অষ্টাদশ শতকে শাক্তপদ সৃষ্টির কারণ সম্পর্কে যা জান লেখ।
- (গ) শাক্তপদে তৎকালীন গার্হস্থ্য জীবন ও সমাজজীবনের যে পরিচয় পাওয়া যায়—তোমাদের পাঠ্য পদ অবলম্বনে আলোচনা কর।
- (ঘ) 'মা আমায় ঘুরাবি কত'—পদটি কোন্ পর্যায়ে পদ? রচয়িতা কে? পদটির কাব্য-সৌন্দর্য বিচার কর।

৫। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) :  $৫ \times ২ = ১০$

- (ক) 'আগমনী' বলতে কী বোঝ? 'আগমনী' পর্যায়ে শ্রেষ্ঠ কবি কে? তোমাদের পাঠ্য 'আগমনী' পর্যায়ে পদ অবলম্বনে এই পদের তাৎপর্য সংক্ষেপে লেখ।
- (খ) 'ওরে নবমী নিশি'—এই পদটি কোন্ পর্যায়ে পদ? পদটির কবির নাম কী? এই পদটির মাধ্যমে কীসের বহিঃপ্রকাশ ঘটেছে, সংক্ষেপে আলোচনা কর।



(গ) 'আগমনী' ও 'বিজয়া'-বিষয়ক দুটি পদের মধ্যে পার্থক্য কোথায়, সংক্ষেপে আলোচনা কর।

৬। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৬=৬

(ক) 'শাক্তপদাবলী'র অপর নাম কী?

(খ) কমলাকান্ত ভট্টাচার্য মূলত কোন বিষয়ক পদের শ্রেষ্ঠ কবি?

(গ) 'আমি কি হেরিলাম'—পদটির রচয়িতার নাম লেখ।

(ঘ) 'শাক্তপদাবলী'র প্রথম রচয়িতার নাম কী?

(ঙ) 'শাক্তপদাবলী'তে কোন অলংকারের প্রাধান্য বেশি?

(চ) 'শাক্তপদাবলী'র মূল রস কী?

\*\*\*